রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ১২ জ্যৈষ্ঠ ১৪১৮ বঙ্গাব্দ/২৬ মে ২০১১ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ১৩৫-আইন/২০১১।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, "সল্ট ক্রাশিং" শিল্প সেক্টরের, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীর জন্য, নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে, নিম্নের তফসিলের টেবিল-১, টেবিল-২ এবং টেবিল ৩ এ বর্ণিত নিম্নতম মজুরীর হারকে যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরীর হার হিসাবে এতদ্দ্বারা ঘোষণা করিল, যথা ঃ—

তফসিল

টেবিল-১

ক্রমিক নং	ক্রাশিং শ্রমিকগণের শ্রেণী বিভাগ	এলাকা ভিত্তিক ৮ (আট) ঘন্টার মজুরী	
(১)	(২)	(৩)	
		(ক)	(খ)
		ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, চাঁদপুর ও কক্সবাজার	খুলনা, ঝালকাঠী ও অন্যান্য জেলা
১।	মাঝি	৬০০ (ছয়শত) টাকা	৪০০ (চারশত) টাকা
২।	ম্যাট ও খামালী	৩৪০ (তিনশত চল্লিশ) টাকা	৩০০ (তিনশত) টাকা
৩।	মোটা মালের লবণ শ্রমিক	২৯০ (দুইশত নব্বই) টাকা	২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা
৪।	সাধারণ শ্রমিক	২৬৫ (দুইশত পঁয়ষট্টি) টাকা	২০০ (দুইশত) টাকা

মূল্য ঃ টাকা ৪.০০

টেবিল-২

ক্রমিক নং	লোডিং ও আনলোডিং শ্রমিকগণের শ্রেণী বিভাগ	এলাকা ভিত্তিক মজুরী	
(১)	(২)	(৩)	
		(ক)	(খ)
		ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, চাঁদপুর ও কক্সবাজার	খুলনা, ঝালকাঠী ও অন্যান্য জেলা
১।	নদীতে সাম্পান, ট্রলার এবং কোস্টার হইতে মোটা লবণ লোডিং আনলোডিং এর কাজে নিয়োজিত শ্রমিক।	প্রতি টুকরী ১.৬০ (এক টাকা ষাট পয়সা) টাকা	প্রতি টুকরী ৩(তিন) টাকা
২।	ক্রাশিং লবণ মিল গুদাম হইতে আয়োডিনযুক্ত করিয়া বস্তা ভর্তি করিয়া ওজন দিয়া ট্রাক, ওয়াগন, ট্রলার ইত্যাদিতে ডেলিভারীর কাজে নিয়োজিত শ্রমিক।	(ক) ৭৪/৭৫ কেজি ব্যাগের ক্ষেত্রে প্রতি ব্যাগ ৪.৫০ (চার টাকা পঞ্চাশ পয়সা) টাকা (খ) ৫০ কেজি ব্যাগের ক্ষেত্রে প্রতি ব্যাগ ৩ (তিন) টাকা	(ক) ৭৪/৭৫ কেজি ব্যাগের ক্ষেত্রে প্রতি ব্যাগ ৩ (তিন) টাকা (খ) ৫০ কেজি ব্যাগের ক্ষেত্রে প্রতি ব্যাগ ২ (দুই) টাকা
৩।	ট্রাক/ট্রলার ইত্যাদি হইতে বস্তা আনলোডিং এর কাজে নিয়োজিত শ্রমিক।	(ক) ৭৪/৭৫ কেজি ব্যাগের ক্ষেত্রে প্রতি ব্যাগ ২.৫০ (দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা (খ) ৫০ কেজি ব্যাগের ক্ষেত্রে প্রতি ব্যাগ ২ (দুই) টাকা	(ক) ৭৪/৭৫ কেজি ব্যাগের ক্ষেত্রে প্রতি ব্যাগ ৩.৫০ (তিন টাকা পঞ্চাশ পয়সা) টাকা (খ) ৫০ কেজি ব্যাগের ক্ষেত্রে প্রতি ব্যাগ ২.৫০ (দুই টাকা পঞ্চাশ) টাকা
৪।	মিল গুদামে ক্রাশিং বস্তা খামাল এর কাজে নিয়োজিত শ্রমিক।	প্রতি বস্তা ১.৫০ (এক টাকা পঞ্চাশ পয়সা) টাকা	প্রতি বস্তা ১ (এক) টাকা
৫।	আয়োডিনযুক্ত ২৫ কেজি কার্টন এর ডেলিভারী এর কাজে নিয়োজিত শ্রমিক।	প্রতি কার্টন ১.৪০ (এক টাকা চল্লিশ পয়সা) টাকা	প্রতি কার্টন ১.২৫ (এক টাকা পঁচিশ পয়সা) টাকা

(১)	(২)	(৩)	
		(ক)	(খ)
৬।	বিদেশ হইতে আমদানীকৃত লবণ আনলোডিং এর কাজে নিয়োজিত শ্রমিক।	(ক) ট্রাক হইতে ৭৪/৭৫ কেজির বস্তা আনলোডিং এর ক্ষেত্রে প্রতি বস্তা ২.৫০ (দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা (খ) ট্রাক হইতে ৫০ কেজির বস্তা আনলোডিং এর ক্ষেত্রে প্রতি বস্তা ২ (দুই) টাকা (গ) নদীতে সাম্পান/ট্রলার হইতে ৭৪/৭৫ কেজির বস্তা আনলোডিং এর ক্ষেত্রে প্রতি বস্তা ২.৫০ (দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা (ঘ) নদীতে সাম্পান/ট্রলার হইতে ৫০ কেজির বস্তা আনলোডিং এর ক্ষেত্রে প্রতি বস্তা ২ (দুই) টাকা	ক) ট্রাক হইতে ৭৪/৭৫ কেজির বস্তা আনলোডিং এর ক্ষেত্রে প্রতি বস্তা ২.৫০ (দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা (খ) ট্রাক হইতে ৫০ কেজির বস্তা আনলোডিং এর ক্ষেত্রে প্রতি বস্তা ২ (দুই) টাকা (গ) নদীতে সাম্পান/ট্রলার হইতে ৭৪/৭৫ কেজির বস্তা আনলোডিং এর ক্ষেত্রে প্রতি বস্তা ২.৫০ (দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা (ঘ) নদীতে সাম্পান/ট্রলার হইতে ৫০ কেজির বস্তা আনলোডিং এর ক্ষেত্রে প্রতি বস্তা ২ (দুই) টাকা

টেবিল-৩

ক্রমিক নং	কর্মচারীগণের পদবিন্যাস ও শ্রেণীবিভাগ	মূল মজুরী (টাকা)	বাড়ী ভাড়া ভাতা (৫০% হারে) (টাকা)	চিকিৎসা ভাতা (টাকা)	যাতায়াত ভাতা (টাকা)	মোট মজুরী (টাকা)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	গ্রেড-১ ঃ (১) উচ্চমান সহকারী (২) হিসাব রক্ষক	৪,৫০০/- (চার হাজার পাঁচশত)	২,২৫০/- (দুই হাজার দুইশত পঞ্চাশ)	৫০০/- (পাঁচশত)	৩০০/- (তিনশত)	৭,৫৫০/- (সাত হাজার পাঁচশত পঞ্চাশ)

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২।	গ্রেড-২ ঃ (১) স্টোর কিপার (২) ক্রয়/বিক্রয় সহকারী (৩) ড্রাইভার	৪,০০০/- (চার হাজার)	২,০০০/- (দুই হাজার)	৫০০/- (পাঁচশত)	৩০০/- (তিনশত)	৬,৮০০/- (ছয় হাজার আটশত)
৩।	গ্রেড-৩ ঃ (১) হিসাব সহকারী (২) নিম্নমান সহকারী (৩) টাইম কিপার (৪) টাইপিস্ট (৫) কম্পিউটার অপারেটর (৬) স্টোর এ্যাসিস্ট্যান্ট (৭) টেলিফোন অপারেটর	৩,৫০০/- (তিন হাজার পাঁচশত)	১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ)	৫০০/- (পাঁচশত)	৩০০/- (তিনশত)	৬,০৫০/- (ছয় হাজার পঞ্চাশ)
৪।	গ্রেড-৪ ঃ (১) পিয়ন (২) দারোয়ান (৩) নাইটগার্ড (৪) মালি (৫) সুইপার/ক্লিনার	৩,০০০/- (তিন হাজার)	১,৫০০/- (এক হাজার পাঁচশত)	৫০০/- (পাঁচশত)	৩০০/- (তিনশত)	৫,৩০০/- (পাঁচ হাজার (তিনশত)

শর্তাবলী ঃ

(১) উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিক ও কর্মচারীর পদবী, কাজের ধরন ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা এবং পারিপার্শ্বিক অবস্থা, ইত্যাদি বিবেচনাক্রমে উপরি-উক্ত তফসিলের, অতঃপর তফসিল বলিয়া উল্লিখিত, টেবিল-১, টেবিল-২ এবং টেবিল-৩ এ উল্লিখিতভাবে—

(ক) শ্রমিকগণকে যথাক্রমে ক্রাশিং শ্রমিক এবং লোডিং ও আনলোডিং শ্রমিক এই ২(দুই) শ্রেণীতে; এবং

(খ) কর্মচারীগণকে যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩ এবং গ্রেড-৪ এই ৪(চার) শ্রেণীতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণীবিন্যাস করিতে হইবে।

(২) উক্ত শিল্প সেক্টরের শ্রমিক এবং কর্মচারীর ক্ষেত্রে তফসিলের বিভিন্ন কলামে উল্লিখিত হারে মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতা নির্ধারিত হইবে, যাহা বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "সল্ট ক্রাশিং" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

(৩) উক্ত শিল্প সেক্টরে তফসিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারী বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাদিগকে স্থলাভিষিক্ত করিয়া তাহাদের স্ব স্ব মজুরী নির্ধারণ করিয়া বর্তমান প্রাপ্ত মজুরীর সহিত সুপারিশকৃত বর্ধিত মজুরী যোগ করিয়া তাহাদের মজুরী নির্ধারণ করিতে হইবে। কোন শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

(৪) এই প্রজ্ঞাপন জারীর পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিককে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্ট্রারভুক্ত করতঃ মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৫) তফসিলের টেবিল-১, টেবিল-২ এবং টেবিল-৩ এ ঘোষিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না ঃ

তবে উক্ত নিম্নতম মজুরী অপেক্ষা অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

(৬) নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোন শ্রমিককে অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৭) উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা-২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরের কোন শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যার সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরী অপেক্ষা কোন ক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

(৮) শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৯) উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফূরণভিত্তিক (Piece rate) মজুরী প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম মজুরী প্রাপ্ত না হন।

(১০) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরী ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারী কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

যাহিদা খানম
উপ-সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd